# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২১৬

১/ বিবিধ

আরবী

إنا لنكشر في وجوه أقوام، وإن قلوبنا لتلعنهم
لا أصل له مرفوعا

وقد بيض له العجلوني في " الكشف " (206) وإنما ذكره البخاري (10 / 434) معلقا موقوفا فقال: ويذكر عن أبي الدرداء: " إنا لنكشر ... " وقد وصله جماعة منهم أبو نعيم في " الحلية " (1 / 222) من طريق خلف بن حوشب قال: قال أبو الدرداء.. فذكره موقوفا، وهو منقطع كما قال الحافظ في " الفتح " ووصله أبو بكر بن المقري في " فوائده " من طريق أبي صالح عن أبي الدرداء
قال الحافظ: هو منقطع أيضا، ووصله ابن أبي الدنيا وإبراهيم الحربي في " غريب الحديث " والدينوري في " المجالسة " من طريق أبي الزاهرية عن جبير بن نفير عن أبي الدرداء. ولم يذكر الدينوري في إسناده جبير بن نفير
قلت: فعلى هذا فهو منقطع أيضا، لكن لعله يتقوى بهذه الطرق
وبالجملة، فالحديث لا أصل له مرفوعا، والغالب أنه ثابت موقوفا، والله أعلم

বাংলা

২১৬। আমরা মুচকি হাঁসি কতিপয় সম্প্রদায়ের চেহারার সামনে, অথচ আমাদের হৃদয়গুলো তাঁদেরকে অভিশাপ দেয়।

মারফূ হিসেবে হাদীসটির কোন ভিত্তি নেই।

এটিকে আজলুনী তার "আল-কাশফ" গ্রন্থে (২০৬) উল্লেখ করেছেন। বুখারী মওকুফ মুয়াল্লাক হিসাবে (১০/৪৩৪) উল্লেখ করেছেন। তিনি বলেনঃ আবুদ-দারাদা হতে উল্লেখ করা হয়েছে।

কিন্তু হাফিয ইবনু হাজার “ফতহুল বারী” গ্রন্থে বলেছেনঃ এটির সনদ মুনকাতি’ (বিচ্ছিন্ন)।

আবূ বকর আল-মাকরী তার “আল-ফাওয়াইদ” গ্রন্থে আবু সালেহ-এর সূত্রে আবূদ-দারদা হতে মওসূল হিসাবে উল্লেখ করেছেন। কিন্তু হাফিয ইবনু হাজার বলেনঃ এটিও মুনকাতি’। ইবনু আবিদ-দুনিয়া, ইবরাহীম হারবী “গারীবুল হাদীস” গ্রন্থে এবং আদ-দীনঅরী “আল-মুজালাসা" গ্রন্থে মওসূল হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু সেটিও মুনকাতি। দীনঅরী তার সনদে যুবায়ের ইবনু নুফায়েরকে উল্লেখ করেননি। মোটকথা হাদীসটি মারফু হিসাবে ভিত্তিহীন। অধিকাংশ ধারণা মওকুফ হিসাবে সাব্যস্ত হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5476

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন